Lens Asia

৩০ জুলাই, ২০২৬

# বিরোধীদলের আচরণে সংযমের আহ্বান রিজভীর



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বিরোধীদলের প্রতি দায়িত্বশীল আচরণের আহ্বান জানিয়েছেন। তিনি বলেছেন, বিরোধীদলের বেপরোয়া আচরণ, কাণ্ডজ্ঞানহীন ও অশালীন বক্তব্য গণতান্ত্রিক পরিবেশের জন্য কাম্য নয়।

বৃহস্পতিবার (৩০ জুলাই) দুপুরে সচিবালয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন।

রিজভী বলেন, সরকারের বিরুদ্ধে কুৎসা রটনা বা অপপ্রচারের পরিবর্তে বিরোধীদলের দায়িত্বশীল ভূমিকা পালন করা উচিত। তিনি দাবি করেন, বর্তমানে রাজনৈতিক মত প্রকাশ বা বক্তব্য দেওয়ার কারণে কাউকে গুম বা হত্যা করা হচ্ছে না।

তিনি আরও বলেন, আজকের বিরোধী দলই ভবিষ্যতে সরকার গঠন করতে পারে। তাই এখন থেকেই তাদের সংযত ও দায়িত্বশীল আচরণের চর্চা করা প্রয়োজন। বেপরোয়া ও কাণ্ডজ্ঞানহীন বক্তব্য কিংবা আচরণ গণতন্ত্রকে শক্তিশালী করে না বলেও মন্তব্য করেন তিনি।

রুহুল কবির রিজভী আরও জানান, বর্তমান সরকার জুলাইয়ের চেতনা ধারণ করে এগোচ্ছে। তিনি বলেন, আগামী ৪ আগস্ট জুলাই গণঅভ্যুত্থান উপলক্ষে কৃষিবিদ ইনস্টিটিউটে আয়োজিত আলোচনা সভায় প্রধানমন্ত্রী তারেক রহমান অংশ নেবেন।

LENS ASIA